ইত্তেফাক

২।২।৮১

৮ ৫

041

# প্রাথমিক শিক্ষকদের অবিলম্বে কাজে যোগদানের নির্দেশ

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান দেশের ৮০ লক্ষ শিশুর শিক্ষালাভের স্বার্থে অবিলম্বে কাজে যোগদানের জন্য ধর্মঘটী প্রাথমিক শিক্ষকদের প্রতি আহ্বান জানাইয়াছেন।

বাসস জানায়, গতরাত্রে এক বিবৃতিতে প্রধানমন্ত্রী বলেন, সরকার একথা না বলিয়া পারিতেছেন না যে, প্রাথমিক শিক্ষকদের ধর্মঘটের দরুন শিক্ষাবর্ষের শুরুতেই দেশের ৮০ লক্ষ শিশু শিক্ষা লাভ হইতে বঞ্চিত হইতেছে। তিনি বলেন, সরকার যখন প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন করার সর্বাত্মক প্রচেষ্টা চালাইতেছেন তখন প্রাথমিক শিক্ষকদের এই ধর্মঘট প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে খুবই ক্ষতিকারক।

শাহ আজিজ শিক্ষা প্রতিমন্ত্রীর নেতৃত্বে সরকারী প্রাথমিক শিক্ষকদের চাকুরীগত অবস্থা ও সমস্যাদি নিরূপণের জন্য গঠিত কমিটির কথা উল্লেখ করিয়া বলেন, কমিটি শিক্ষকদের ন্যায্য অধিকার রক্ষার পক্ষে সুপারিশ করিয়াছে। তিনি আশা প্রকাশ করেন যে, শিক্ষকরা দায়িত্বশীল ও সচেতন নাগরিক হিসাবে সরকারের সদিচ্ছা উপলব্ধি করিবেন এবং শিশুদের শিক্ষার স্বার্থে অবিলম্বে কাজে যোগ দিবেন।